পুনঃ তাগিদ পত্র-০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
"গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিঃ
দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প"
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

স্মারক নং- ৫১.০১.৮২৭৬.০২৪.১৪.১৮৭.১৭/১৯১৩ তাং- ১৩/০৫/২০১৯খ্রিঃ.

বিষয়ঃ "গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার সেতু/কালভার্ট নির্মাণ" প্রকল্পের আওতায় ২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮ এর অসমাপ্ত কাজ এবং ২০১৮-২০১৯ অর্থ বছরে চলমান কাজ দ্রুত শেষ করে চূড়ান্ত প্রাক্কলন/চূড়ান্ত বিল দাখিলের **পুনঃ তাগিদ পত্র-০১** প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ০১। দুর্যোগ ব্যবস্থাপন ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.২৪৫.১৪.০৩২.১৯-১৭ তারিখ: ২৮/০৩/২০১৯খ্রি.
০২। অত্র অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.৩৮৭১.০২৪.৪১.০৫৭.১৮/১২০৩ তারিখ: ৩১/০৩/২০১৯ খ্রি.
০৩। অত্র অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.১৮.০০৪.১৫/ ১৬২৪ তারিখঃ ২৬/০৪/২০১৯খ্রিঃ
০৪। দুর্যোগ ব্যবস্থাপন ও ত্রাণ মন্ত্রণালয়ের এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন তারিখের পর্যালোচনা সভার নির্দেশনা।
০৫। নির্ধারিত সময়ের মধ্যে সেতু/কালভার্টের কাজ শেষ করার নিমিত্তে অত্রাফিস হতে বিভিন্ন সময়ে জারিকৃত পত্র, তাগিদ পত্র ।

উপর্যক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক সমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার সেতু/কালভার্ট নির্মাণ" প্রকল্পের আওতায় ২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮ অর্থ বছর এর অসমাপ্ত কাজ এবং ২০১৮-১৯ অর্থ বছরের চলমান কাজ দ্রুত শেষ করে চূড়ান্ত প্রাক্কলন/চূড়ান্ত বিল এপ্রিল/২০১৯ এর মধ্যে দাখিলের জন্য তাগিদ প্রদান করা হলেও তাঁর উপজেলার সেতু/কালভার্ট প্রকল্পের অসমাপ্ত/চলমান সকল কাজ শেষ করে অদ্যাবধি অত্রাফিসে চূড়ান্ত প্রাক্কলন প্রেরণ করা হয়নি। উল্লেখ্য, এ অর্থ বছরই (২০১৮- ২০১৯ অর্থ বছর) প্রকল্পের শেষ বছর, কোন অবস্থাতেই প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হবে না। ২০১৮-২০১৯ অর্থ বছর প্রায় শেষ পর্যায়ে। তাছাড়া কার্যাদেশে বর্ণিত কার্য সম্পাদনের সময়সীমাও ইতোমধ্যে শেষ হয়ে গেছে/শেষ পর্যায়ে।

০২। নির্ধারিত সময়ের মধ্যে তাঁর উপজেলার অসমাপ্ত/চলমান সেতু/কালভার্ট প্রকল্পের কাজ শেষ করে অত্রাফিসে চুড়ান্ত প্রাক্কলন দাখিল না করা হলে সে সকল প্রকল্পের চুড়ান্ত প্রাক্কলন অনুমোদন ও অর্থ ছাড় করা সম্ভব হবে না।

০৩। এমতাবস্থায়, তাঁর উপজেলার অসমাপ্ত/চলমান সেতু/কালভার্ট প্রকল্পের কাজ দ্রুত শেষ করে আগামী ২৫/০৫/২০১৯ খ্রি. তারিখের মধ্যে অত্রাফিসে চুড়ান্ত প্রাক্কলন দাখিলের ব্যবস্থা গ্রহনের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো। তাছাড়া, যে সকল প্রকল্পের কাজের গতি খুবই মন্থর, ঠিকাদার কাজ শুরু করে ফেলে রেখেছেন, ঠিকাদারের কাঙ্খিত তৎপরতাও নেই এবং কার্যাদেশে বর্ণিত কার্য সম্পাদনের সময়সীমাও শেষ সেক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ ও চুড়ান্ত প্রাক্কলন দাখিল করা সম্ভব হবে না মর্মে তাঁর নিকট প্রতিয়মান হলে পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধিতসহ) ও সংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী ঠিকাদারের কার্যাদেশ বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক আগামী ০৩(তিন) কার্য দিবসের মধ্যে নিম্ন-স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।

০৪। অন্যথায়, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পগুলির কাজ শেষ ও চূড়ান্ত প্রাক্কলন দাখিল না করার কারণে বরাদ্দকৃত অর্থ তামাদি হয়ে গেলে এবং ঠিকাদারের বিল পরিশোধে জটিলতার সৃষ্টি হলে সংশ্লিষ্ট উপজেলা কর্তৃপক্ষকেই (উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা) এর দায়দায়িত্ব বহন করতে হবে। প্রকল্প অফিস এর দায়ভার বহন করবে না।

বিষয়টি অতীব জরুরী

স্বাঃ
(সওদাগর মুস্তাফিজুর রহমান)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
"গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ" প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা ।

প্রাপক,
০১। উপজেলা নির্বাহী অফিসার,
উপজেলাঃ ..... জেলাঃ ..... ।
০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
উপজেলাঃ ..... জেলাঃ ..... ।

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.১৮.০০৪.১৫/১৯১৩ তারিখঃ১৩ /০৫/২০১৯খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলোঃ-

০১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, জেলাঃ .....।
০৪। মাননীয় প্রতি মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জেলাঃ ..... ।
০৭। জনাব ..... উপ- প্রকল্প পরিচালক/উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকল্প পরিচালক/সহকারী প্রকৌশলী ও দায়িত্ব প্রাপ্ত প্রকৌশলী, "গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫মিঃ দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ" প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (তাঁকে নির্ধারিত সময়ের মধ্যে আওতাধীন অসমাপ্ত ও চলমান কাজগুলি দ্রুত শেষ করার জন্য মাঠ পরিদর্শন/তদারকি জোরদার করার জন্য পুন: তাগিদ প্রদান করা হলো)।
০৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত সচিব, (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। অফিস কপি ।

১৩/৫/১৯

প্রকল্প পরিচালক
"গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার
দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ" প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা